অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/9/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লিটল ফলসকে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের পঞ্চম রাউন্ডে মোহক ভ্যালির দ্বিতীয় 10 মিলিয়ন মার্কিন ডলার বিজয়ী হিসেবে ঘোষণা করলেন

লিটল ফলসের ডাউনটাউন পুনরুজ্জীবিত করতে স্টেট বাসিন্দা, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং সরকারি কর্মকর্তাদের সাথে কাজ করবে

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের এসব বিনিয়োগ কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে সমৃদ্ধ করার জন্য স্টেটের সমন্বিত পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) পঞ্চম রাউন্ডে মোহক ভ্যালি অঞ্চলের (Mohawk Valley) একজন বিজয়ী হিসেবে লিটল ফলস 10 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পাবে। DRI রাউন্ড 5-এর অংশ হিসেবে, স্টেটের 10টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রতিটি 20 মিলিয়ন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত অঞ্চলে রূপান্তর করার মাধ্যমে কোভিড-19 পরবর্তী সময়ে কমিউনিটিগুলোকে তাদের অর্থনীতি শক্তিশালী করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে বরাদ্দকৃত ও বিনিয়োগকৃত মোট 200 মিলিয়ন ডলারের তহবিলের অংশ।

"সকল নিউ ইয়র্কবাসীর একটি প্রাণচঞ্চল ডাউনটাউন এলাকায় বাস করার অধিকার আছে যেখানে তারা একটি ভালো-বেতনের চাকরি ও সাশ্রয়ী থাকার জায়গা খুঁজে পাবে, এবং ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ একে বাস্তবে পরিণত করতে সাহায্য করে," **গভর্নর হোকল বলেন।** "লিটল ফলসের ওয়াটারফ্রন্ট জেলার (Waterfront District) পুনরুজ্জীবন এই প্রকল্পের আরো একটি সফলতার গল্প হবে, যেহেতু এখানে বাস করা ও কাজ করা সকলে অব্যাহত অর্থনৈতিক সমৃদ্ধি এবং একটি নির্ভেজাল সম্প্রদায় পরিবেশ উপভোগ করতে থাকবে।"

লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন, "নিউ ইয়র্কবাসীর শুধু প্রাণবন্ত ডাউনটাউন পাওয়ার সুযোগ নয়, বরং ভালো বেতনের চাকরি ও সাশ্রয়ী জীবনের অধিকারও রয়েছে। অনুদানটি লিটল ফলসে আরো অর্থনৈতিক মুনাফা ও কর্মসংস্থান নিশ্চিত করবে এবং নিউ ইয়র্ককে আগের থেকেও ভালো অবস্থায় পুনর্গঠনের পথে নিয়ে যাবে।"

ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) নেতৃত্বে, DRI শহরতলীর এলাকাগুলিকে উচ্চ-মানের জীবন যাপনের সুযোগ প্রদান করে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান, ও অর্থনৈতিক ও আবাসনের বৈচিত্র্যকে আকৃষ্ট করে এমন একটি প্রাণবন্ত ক্রিয়াকলাপের কেন্দ্রস্থলে রূপান্তর করার মাধ্যমে স্টেটের অর্থনৈতিক উন্নয়নের নীতির একটি ভিত্তি হিসেবে কাজ করছে। এই রাউন্ডে গভর্নর হোকল অনুদানের পরিমাণ 100 মিলিয়ন ডলার থেকে দ্বিগুণ পরিমাণে উন্নীত করে 200 মিলিয়ন ডলার করেছেন এবং প্রতিটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলকে (Regional Economic Development Council) রূপান্তরমূলক ও অনুঘটক ডাউনটাউন পুনঃউন্নয়ন প্রকল্পের জন্য 10 মিলিয়ন ডলার করে দুই জন অনুদান গ্রহীতাকে নাকি 20 মিলিয়ন ডলারের জন্য একজন অনুদান গ্রহীতাকে মনোনয়ন প্রদান করবেন সে সিদ্ধান্ত গ্রহণের সুযোগ দিয়েছেন। অতীতের DRI রাউন্ডগুলোর মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প সনাক্ত করে এমন একটি বটম-আপ কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। DRI তহবিল তারপরে পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং শহরতলীর জন্য কমিউনিটির ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার সব চেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে প্রদান করবে। DRI-এর মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) পুরস্কারপ্রাপ্তদের প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে যাতে তারা 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 85 শতাংশ কমানোর রাজ্যের লক্ষ্য সমর্থন করতে কার্বন নিরপেক্ষতার নীতি অন্তর্ভুক্ত করতে সহায়তা করবে।

লিটল ফলস

লিটল ফলসের DRI-র মনোযোগ হবে ওয়াটারফ্রন্ট জেলা। হারকাইমার কাউন্টির একমাত্র শহর হিসেবে, লিটল ফলস শহরের বিচ্ছিন্ন এলাকাসমূহকে যুক্ত করে একটি একক ডাউনটাউন ওয়াটারফ্রন্ট জেলা তৈরির মাধ্যমে অঞ্চলটির সর্বাপেক্ষা আকর্ষণীয় আবাসিক সম্প্রদায় হয়ে উঠতে চায়। শহরটি সাম্প্রতিক ও চলমান আনুমানিক 11.6 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ পেয়েছে এবং ভবিষ্যতে আরো 76.8 মিলিয়ন মার্কিন ডলার পাওয়ার আশা করছে। বিনিয়োগগুলির মধ্যে রয়েছে নতুন অ্যাপার্টমেন্ট ভবন, একটি বারবান ডিস্টিলিং সাইট, এবং একটি প্রস্তাবিত নতুন যাত্রী সেবা প্রদানকারী ট্রেন স্টেশন। এই গতিবেগ ব্যবহার করে লিটল ফলস আবাসন সুযোগ বৃদ্ধি করতে চায়, পথচারী/বাইক সংযোগ সম্প্রসারিত করতে চায় এবং ডাউনটাউন এলাকার মধ্যে বাইক/পথচারী নিরাপত্তা বৃদ্ধি করতে চায়।

মোহক ভ্যালির আঞ্চলিক অর্থনীতি বিকাশ পরিষদ (Mohawk Valley Regional Economic Development Council, MVREDC) পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহের জমাকৃত প্রস্তবনাসমূহের একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা করেছে এবং লিটল ফলসকে মনোনীতদের একজন হিসেবে সুপারিশ করার আগে নিচের সাতটি নির্ণায়কের প্রত্যেকটি বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত হতে হবে;

- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে ডাউনটাউনে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- শহরতলীটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির মানুষের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটি ইতোমধ্যে স্থানীয় ভূমি ব্যাংক, আধুনিক জোনিং কোড ও পার্কিং সংক্রান্ত মানদণ্ড ব্যবহার করা, সড়কের পরিকল্পনা, জ্বালানি সাশ্রয়ী প্রকল্প, সবুজ কর্মসংস্থান, ও ট্রানজিট-অভিমুখী উন্নয়ন সম্পন্ন করা সহ, জীবন যাপনের সক্ষমতা ও গুণমান বৃদ্ধি করে এমন নীতিমালা তৈরি ও বাস্তবায়ন করে থাকতে হবে অথবা তা করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং DRI কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটির DRI প্রক্রিয়ার ব্যবস্থাপনার জন্য স্থানীয় সক্ষমতা থাকতে হবে; এবং
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে শনাক্ত করেছে যেগুলো DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

লিটল ফলস এখন DRI-র পঞ্চম রাউন্ডে মোহক ভ্যালি অঞ্চলের বিজয়ী হিসেবে গ্লোভার্সভিলের সাথে যোগ দিলো। DRI-র প্রথম চার রাউন্ডের মোহক ভ্যালি অঞ্চলের বিজয়ীরা হলো যথাক্রমে ওনিওন্টা, রোম, আমস্টারডাম এবং ইউটিকা।

লিটল ফলস এখন 10 মিলিয়ন মার্কিন ডলার DRI তহবিল থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিল ব্যবহার করে এর ডাউনটাউন পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রচেষ্টায় নেতৃত্ব দিবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনাটি স্থানীয় সম্পদ এবং সুযোগ পরীক্ষা করে দেখবে এবং ডাউনটাউন পুনরুজ্জীবনের জন্য সম্প্রদায়ের লক্ষ্যের সাথে মিলে যায় এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত এমন অর্থনৈতিক বিকাশ, পরিবহন, আবাসন, এবং সম্প্রদায় প্রকল্প চিহ্নিত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI-এর পঞ্চম রাউন্ডের পরিকল্পনাগুলো 2022 সালে সম্পন্ন হবে।

স্টেটের ভারপ্রাপ্ত সচিব ব্রেন্ডন সি. হিউজ বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ পুরো স্টেটের ডাউনটাউনগুলিকে কর্মকাণ্ডের সমৃদ্ধ হাবে রূপান্তর করতে সাহায্য

করছে।ন্য বিশেষ করে প্রস্তুত করা। লিটল ফলস হলো এই প্রোগ্রাম দ্বারা লাভবান হওয়া সর্বশেষ সম্প্রদায়, যা ইরি খাল সংলগ্ন ওয়াটারফ্রন্টকে সংযুক্ত করতে সাম্প্রতিক বিনিয়োগগুলিকে সাহায্য করবে। 10 মিলিয়ন মার্কিন ডলার অর্থ লিটল ফলসের বাসিন্দা, ব্যবসা ও দর্শনার্থীদের জন্য সুযোগ বৃদ্ধি করবে এবং ডিপার্টমেন্ট অফ স্টেট শহরটির সাথে কাজ করে এর ভিশনকে বাস্তবে পরিণত করতে উন্মুখ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মনোনীত হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ওয়াটারফ্রন্ট এলাকাগুলি হলো অমূল্য রত্নের মতো। DRI তহবিল দ্বারা লিটল ফলস এর ওয়াটারফ্রন্ট জেলা ব্যবহার করে অর্থনীতিকে মজবুত করবে এবং বাসিন্দা ও দর্শনার্থী সকলের জন্য অতিরিক্ত আবাসন ও বিনোদন সুযোগসহ একটি হাঁটার উপযোগী, সংযুক্ত সম্প্রদায় তৈরি করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "DRI প্রোগ্রামটি স্টেটের প্রতিটি অঞ্চলে জরুরি ডাউনটাউন সংস্থানের নবায়ন ও সংস্কার কাজ চালিত করছে। লিটল ফলস বাসিন্দাদের জন্য এবং বাণিজ্য ও নতুন দর্শনার্থীদের জন্য এর ঐতিহাসিক ডাউনটাউনকে সক্রিয় করার কাজে 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ব্যবহারের জন্য তৈরি আছে। গভর্নর হোকল এবং আমাদের লিটল ফলসের স্থানীয় স্বপ্নদর্শী নেতৃবৃন্দের কল্যাণে, আমরা মোহক ভ্যালিতে নির্মাণের গতি বজায় রাখবো।"

NYSERDA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "আমরা এই অর্থ পাওয়ার জন্য লিটল ফলসকে অভিনন্দন জানাচ্ছি এবং কার্বন নিরপেক্ষ নীতিযুক্ত ওয়াটারফ্রন্ট ভিশন সৃষ্টিতে তাদের সাথে কাজ করার জন্য উন্মুখ। যেহেতু আমরা একটি পরিচ্ছন্ন অর্থনীতিতে রূপান্তরিত হচ্ছি, পুরো স্টেটে ডাউনটাউন পুনরুজ্জীবন প্রচেষ্টা সুযোগ সৃষ্টি করবে এবং বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করবে এবং একইসাথে আমাদের ক্ষতিকর নিঃসরণ হ্রাসের জলবায়ু লক্ষ্যকে সমর্থন করবে।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের (New York State Canal Corporation) পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "আজকে, আমরা লিটল ফলস সিটি ও তার সাথে আইকনিক ইরি খাল উদযাপিত করছি কারণ এটি প্রায় অন্য 20টি খাল করিডোর সম্প্রদায়ের সাথে যুক্ত হয়ে স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে কৌশলগত তহবিল পেতে যাচ্ছে। গভর্নর হোকল জানেন যে কার্যকর ডাউনটাউন পুনরুজ্জীবনের চাবিকাঠি হলো স্থানীয় সরকারসমূহের সাথে স্টেটের অংশীদারিত্ব। লিটল ফলস সিটি স্পষ্টতই একটি সংযুক্ত ডাউনটাউন ওয়াটারফ্রন্ট জেলা সক্রিয় করার মাধ্যমে খাল সংলগ্ন সম্প্রদায়ের সমৃদ্ধি নিশ্চিত করার প্রতি তাদের অঙ্গীকার প্রদর্শন করেছে। প্রায় 200 বছর ধরে, ইরি খাল (Erie Canal) এবং খাল ব্যবস্থা অর্থনৈতিক বিকাশের চালিকাশক্তি ছিলো, যার ফলে অনেকগুলি সম্প্রদায় বিকশিত ও সমৃদ্ধ হতে পেরেছে, এবং এই বিনিয়োগ নিশ্চিত করে যে লিটল ফলস উন্নতি করতে থাকবে।"

সিনেটর পিটার ওবারকার বলেন, "ডাউনটাউন হাবকে কেন্দ্র করে অর্থনৈতিক বিকাশ ও সম্প্রদায়ের প্রবৃদ্ধির একটি মনোজ্ঞ ভিশন প্রদর্শন করে এমন পরিকল্পনার কল্যাণে লিটল ফলস নিউ ইয়র্ক স্টেটের DRI তহবিল লাভ করেছে। প্রাকৃতিক ওয়াটারফ্রন্ট সংস্থান, সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য, এবং স্থানীয় স্টেকহোল্ডারদের উদ্ভাবনী ধারণা একটি অপরাজেয় আবেদন তৈরি করেছে। লিটল ফলসের বহুমাত্রিক ইতিহাস রয়েছে, এবং এই রূপান্তরমূলক উদ্যোগ শহরটির জন্য এবং সম্পূর্ণ মোহক ভ্যালির জন্য একটি সফল ভবিষ্যৎ তৈরিতে নেতৃত্ব দিবে।"

অ্যাসেম্বলিমেম্বার ব্রায়ান মিলার বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে লিটল ফলস ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অংশ হিসেবে এই তহবিল পাচ্ছে, এটি অঞ্চলটির জন্য বিশাল এবং অতি প্রয়োজনীয় সহায়তা হবে। এই অর্থ দিয়ে আমরা ডাউনটাউন লিটল ফলসে একটি সমন্বিত ওয়াটারফ্রন্ট জেলা তৈরি করতে পারবো। আমি এই প্রকল্পটির কাজ শুরু হতে দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি এবং আশা করছি যে আমরা দ্রুত ও সময়মতো নির্মাণ কাজ শেষ করতে পারবো।"

লিটল ফলসের মেয়র মার্ক ব্ল্যাস্ক বলেন, "যদিও লিটল ফলস সিটির মনোমুগ্ধকর ইতিহাস রয়েছে, আমাদের সেরা দিন এখনো আসেনি। নিউ ইয়র্ক স্টেটের এই কৌশলগত ও ঐতিহাসিক 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নতুন ও অত্যাধুনিক প্রযুক্তির সাথে আমাদের বিদ্যমান সম্পদ ব্যবহার করে আমাদের ছোট শহরকে আগামী প্রজন্মের উপযোগী করে তুলবে। গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বের অধীনে, আমাদের শহরের কেন্দ্রকে পুনরায় কল্পনা, পুনর্গঠন ও পুনরায় সংযুক্ত করার সাহসী এজেন্ডা এখন সম্ভব। আমি মোহক ভ্যালিতে আমাদের মতো সম্প্রদায়গুলির পক্ষে কথা বলা অব্যাহত রাখার জন্য তার প্রচেষ্টার প্রশংসা করছি।"

MVREDC সহসভাপতিগণ, গিলরয়, কার্নান অ্যান্ড গিলরয় ইনকর্পোরেশনের (Gilroy, Kernan & Gilroy, Inc.) প্রেসিডেন্ট লরেন্স টি. গিলরয় দ্য থার্ড এবং কবলস্কিলের নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) প্রেসিডেন্ট ডাঃ ম্যারিয়ন টেরেনজিও বলেন, "MVREDC DRI বিনিয়োগ দ্বারা সৃষ্ট সম্ভাবনাসমূহ নিয়ে আনন্দিত। আরো সংযুক্ত লিটল ফলস সম্প্রদায় একটি হারকাইমার কাউন্টি গন্তব্য হিসেবে শহরের আকর্ষণ আরো বৃদ্ধি করবে, এবং আমরা এই ভিশনকে বাস্তবে পরিণত করতে কাজ করার জন্য উন্মুখ।"

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ সম্পর্কে
ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগটি বিনিয়োগের ক্রিয়াকলাপ ও অনুঘটক হিসেবে ভূমিকা রাখার জন্য স্টেটের দশটি অঞ্চলের সবকটির ডাউনটাউন ও অঞ্চলকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরাণিত ও সম্প্রসারিত করার উদ্দেশ্য নিয়ে 2016 সালে চালু করা হয়েছিল। ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, উদ্যোগটি একটি অভূতপূর্ব এবং উদ্ভাবনী প্ল্যান-টু-অ্যাক্ট কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলগত পরিকল্পনাকে অবিলম্বে বাস্তবায়ন করার সাথে সংযুক্ত করে যা তার সাথে তাদের সম্প্রদায়ের ভবিষ্যতের দৃষ্টিকে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকারের ক্ষমতাকে সমর্থন করার উদ্দেশ্যে রাজ্যের বিশেষজ্ঞদের একটি আন্তঃ-এজেন্সির দলকে সাথে নিয়ে আসে।

এই কর্মসূচির প্রথম চার বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধাকে আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন ডাউনটাউনগুলোতে 400 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। DRI এর পঞ্চম রাউন্ডে অতিরিক্ত 200 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি থাকবে। ডাউনটাউনের যোগ্যতা ওরূপান্তরের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। প্রতিটি কমিউনিটিকে একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য কমপক্ষে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

শহরতলীর পুনঃউন্নয়ন গাড়ির ব্যবহার ও গ্রিনহাউজ গ্যাস নির্গমন উল্লেখযোগ্য মাত্রায় কমিয়ে দেয় হাঁটার, বাইক চালানোর ও পরিবহনের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য সম্প্রদায় তৈরি করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব কাটিয়ে ওঠা এবং জলবায়ু ন্যায়বিচারের প্রসার ঘটানোর জন্য স্টেটের ধারাবাহিকভাবে বজায় রাখা যায় এমন অর্থনৈতিক উন্নয়নের জাতীয়-নেতৃত্বমূলক প্রচেষ্টায় একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। DRI বাইরের বিনোদন এবং ব্যায়ামের জন্য আরও সুযোগ তৈরি করে রাজ্যের স্বাস্থ্য জুড়ে সমস্ত নীতি/বয়স-বান্ধব NY উদ্যোগকে (Health Across All Policies/Age-Friendly NY initiative) সমর্থন করে; সামাজিক আদান-প্রদানের জন্য নিরাপদ, সুগম সর্বজনীন স্থান প্রদান করে, যা মানসিক স্বাস্থ্যের উন্নতি করে; এবং তাজা, পুষ্টিকর খাবারের প্রবেশাধিকার সম্প্রসারণ করে, বিশেষ করে অনুন্নত সম্প্রদায়গুলিতে।

এই উদ্যোগের নেতৃত্বে নিউ ইয়র্কের রয়েছে ডিপার্টমেন্ট অফ স্টেট। সম্প্রদায়গুলি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ও স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের সাথে ঘনিষ্ঠ অংশীদারিতে স্টেটের নেতৃত্বে বেসরকারি খাত বিশেষজ্ঞ এবং স্টেট এজেন্সি কর্মীদের সমর্থন রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন